



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2026

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল, মার্কিন ট্রেজারি দপ্তরকে, সাধারণ মানুষের পরিশোধ করা 13.5 বিলিয়ন ডলার শুল্ক নিউ ইয়র্কবাসীদের অবিলম্বে ফেরত দেওয়ার আহ্বান জানিয়েছেন

**সুপ্রিম কোর্ট ট্রাম্পের শুল্ক নীতিগুলিকে বেআইনি বলে রায় দেওয়ার পর এটি বলা হয়েছে**

**বিশেষজ্ঞদের অনুমান, নিউ ইয়র্কের পরিবারের গড় পাওনা 1,751 ডলার**

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ মার্কিন ট্রেজারি সেক্রেটারি (U.S. Treasury Secretary) Scott Bessent (স্কট বেসেন্ট)-কে একটি চিঠি পাঠিয়েছেন যাতে তিনি অবিলম্বে নিউ ইয়র্কবাসীদের পরিশোধ করা সমস্ত শুল্ক ফেরত দেওয়ার জন্য ফেডারেল এজেন্সিগুলির সাথে কাজ করার আহ্বান জানিয়েছেন।

প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) এর শুল্ক নীতিগুলিকে বেআইনি ঘোষণা করে সুপ্রিম কোর্টের সাম্প্রতিক সিদ্ধান্তের পর, গভর্নর Hochul (হোকল), পরিশোধ করা 13.5 বিলিয়ন ডলার শুল্ক সম্পূর্ণ ফেরত দেওয়ার দাবি অব্যাহত রেখেছেন।

Budget Lab at Yale (বাজেট ল্যাব অ্যাট ইয়েল) এর অনুমানের উপর ভিত্তি করে, গত বছর শুল্ক আরোপের পর থেকে নিউ ইয়র্কের গড় পরিবারকে আনুমানিক 1,751 ডলার অতিরিক্ত খরচের সম্মুখীন হতে হয়েছে, যার ফলে স্টেট ব্যাপী মোট আনুমানিক 13.5 বিলিয়ন ডলার প্রভাব ফেলেছে।

*চিঠির সম্পূর্ণ পাঠ্য নিচে দেওয়া হলো:*

মাননীয় Scott Bessent (স্কট বেসেন্ট)  
সেক্রেটারি অফ দ্যা ট্রেজারি  
মার্কিন ট্রেজারি দপ্তর  
1500 পেনসিলভানিয়া অ্যাভিনিউ, N.W.  
ওয়াশিংটন, ডি.সি. 20220

প্রিয় সেক্রেটারি Bessent (বেসেন্ট),

20 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীর পক্ষ থেকে, আমি ট্রাম্প প্রশাসনের কাছে নিউ ইয়র্কের প্রতিটি পরিবারের জন্য প্রায় 1,751 ডলার ফেরত দেওয়ার দাবি করছি, যার ফলে নিউ ইয়র্কবাসীদের মোট প্রায় 13.5 বিলিয়ন ডলার শুল্ক রিফান্ড দিতে হবে। সেই লক্ষ্যে, আমি ট্রেজারি বিভাগকে যথাযথ সংস্থাগুলির সাথে সমন্বয় করার এবং অবিলম্বে সমস্ত শুল্ক আয় রিফান্ড দেওয়ার জন্য একটি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের আহ্বান জানাচ্ছি।

গত সপ্তাহে, মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট রায় দিয়েছে যে আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইন (International Emergency Economic Powers Act, IEEPA) অনুযায়ী ট্রাম্প প্রশাসনের আরোপিত শুল্ক বেআইনি। এই অবৈধ কর আমেরিকান অর্থনীতিতে বিপর্যয় ডেকে আনে এবং কঠোর পরিশ্রমী পরিবারগুলির জন্য ব্যয় বৃদ্ধি করে।

আমেরিকান জনগণ এবং ব্যবসা প্রতিষ্ঠান থেকে বেআইনিভাবে কয়েক বিলিয়ন ডলার হাতিয়ে নেওয়ার পর, ফেডারেল সরকারের এখন সঠিক কাজটি করা উচিত: তা ফেরত দেওয়া। বাজেট ল্যাব অ্যাট ইয়েল এর অনুমানের উপর ভিত্তি করে, গত বছর শুল্ক আরোপের পর থেকে নিউ ইয়র্কের গড় পরিবারকে আনুমানিক 1,751 ডলার অতিরিক্ত খরচের সম্মুখীন হতে হয়েছে, যার ফলে স্টেট ব্যাপী মোট আনুমানিক 13.5 বিলিয়ন ডলার প্রভাব ফেলেছে।

আমাদের অর্থনীতির প্রতিটি ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীরা এই শুল্কের প্রভাব অনুভব করেছে। ভোক্তারা নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের জন্য একটি আশ্চর্যজনকভাবে বেশি দাম দিয়েছেন। ছোট ব্যবসাগুলি সরবরাহ এবং সরঞ্জামের ব্যয় বৃদ্ধির সম্মুখীন হয়েছে। আমাদের স্টেটের কৃষি শিল্প বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, কৃষকরা অনিশ্চয়তার একটি অতিরিক্ত স্তরের কথা জানিয়েছেন যা পরিকল্পনা এবং ভবিষ্যতের বিনিয়োগকে চ্যালেঞ্জিং করে তোলে।

প্রেসিডেন্ট ট্রাম্পের বেপরোয়া এবং অবৈধ শুল্ক নীতির বাস্তব এবং ব্যাপক পরিণতির জন্য লক্ষাধিক নিউ ইয়র্কবাসীকে অর্থ ফেরত দিতে হবে। নিউ ইয়র্কের জনগণের ক্ষতিপূরণ পাওনা এবং আমাদের সম্পূর্ণ পাওনা ফিরে পাওয়ার জন্য নিউ ইয়র্কবাসীরা অধীর আগ্রহে অপেক্ষা করছে।

বিনীত,  
Kathy Hochul (ক্যাথি হোকল)  
গভর্নর

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)